

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮৫৩

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নুবুওয়্যাতের নিদর্শনসমূহ

الفصل الاول (بَابِ عَلَامَات النُّبُوَّة)

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنِّي لَأَعْرِفُ حَجَرًا بِمَكَّةَ كَانَ يُسَلِّمُ عَلَيَّ قَبْلَ أَنْ أُبعث إِني لأعرفه الْآن» . رَوَاهُ مُسلم

رواه مسلم (2 / 2277)، (5939) ۔ (صَحیح)

বাংলা

৫৮৫৩-[২] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আমি মক্কার ঐ পাথরকে এখনো চিনি, যে আমার নুবুওয়্যাত লাভের পূর্বে আমাকে সালাম করত। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ২-(২২৭৭), সহীহুল জামি ২৪৮৭, সিলসিলাতুস সহীহাহ ২৬৭০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩১৭০৫, মুসনাদে আহমাদ ২০৯৩১, দারিমী ২০, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৮৭৪, আল মু'জামুস সগীর লিত্ব ত্বারানী ১৬৭, আল মু'জামুল আওসাত্ব ২০১২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বলা হয়ে থাকে হাজারে আসওয়াদ পাথরটি নবী (সা.) -এর সাথে কথা বলত। এটারও সম্ভাবনা আছে যে, তার সাথে কথা বলত হাজারে যুকাক যার অবস্থান ছিল মাসজিদ ও খাদীজাহ্ (রাঃ) -এর বাড়ির মাঝে। (মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন